যুগান্তর

১৩/৬/২০০১

তারিখ ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা ...১... কলাম ...১...

# চবি'র ৩৭ কোটি টাকার বাজেট

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় প্রতিনিধি

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ২০০১-২০০২ অর্থ বছরের সাড়ে ৩৭ কোটি টাকার বাজেট আসছে। আগামীকাল সিন্ডিকেট ও ফিন্যান্স কমিটিতে এ বাজেট উত্থাপন করা হবে।

প্রস্তাবিত বাজেটে বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন থেকে সম্ভাব্য প্রাপ্তি ধরা হয়েছে সাড়ে ৩৪ কোটি টাকা। অভ্যন্তরীণ খাতে আয় ধরা হয়েছে ৩ কোটি ২২ লাখ টাকা। ঘাটতি দেখানো হয়েছে ১ কোটি ৫৭ লাখ টাকা। এ নিয়ে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের সামগ্রিক ঘাটতি দাঁড়াল প্রায় ১০ কোটি টাকা।

সাধারণ বাজেট সিনেটে উত্থাপনের রেওয়াজ থাকলেও চবিতে সিনেট কার্যক্রম না থাকায় সিন্ডিকেটে তা পেশ করা হবে।